

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০২০.১৫. ২৪১৭(৫৭০)


তারিখ: ০২ অগ্রহায়ণ, ১৪২৪  
১৬ নভেম্বর, ২০১৭

### অফিস আদেশ

আসন্ন প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭ সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীগণের কেউই মোবাইল ফোন সাথে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। কেবলমাত্র জরুরি প্রয়োজনে অফিস কক্ষে সীমিত ব্যবহারের লক্ষ্যে কেন্দ্র সচিব মোবাইল ফোন নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন। তবে সেক্ষেত্রে পরীক্ষার প্রশ্নপত্র গ্রহণ ও পরীক্ষা কক্ষে বিতরণ শেষ না হওয়া পর্যন্ত মোবাইল ফোন বন্ধ রাখতে হবে।

এ আদেশ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। আদেশ অনুসরণে ব্যর্থতার ক্ষেত্রে সংশ্লিষ্ট/সংশ্লিষ্টগণের বিরুদ্ধে বিধিমোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।




মোঃ সাবের হোসেন  
পরিচালক (প্রশাসন)  
ফোন: ০২-৫৫০৭৪৮২৯

#### বিতরণঃ

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেটে বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ..... জেলা।
- ৩। উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল), ..... উপজেলা/ থানা ..... জেলা।

#### অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। অফিস কপি।



এ.এইচ.এম. গোলাম কিবরিয়া  
উপপরিচালক (সংস্থাপন)  
ফোন: ০২-৫৫০৭৪৯২৩